# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩১১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উযূ করা ওয়াজিব হয়

### আরবী

وَعَن عَلِيٍّ قَالَ: سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ الْمَذْيِ فَقَالَ: «مِنَ الْمَذْيِ الْوُضُوءُ وَمِنَ الْمَنِيِّ الْغسْل» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

৩১১-[১২] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ’মাযী’ সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, ’মাযীর’ কারণে উযূ (ওযু/ওজু/অজু) আর ’মানীর’ কারণে গোসল করতে হবে। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১১৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে কয়েকটি বিষয় প্রতীয়মান হয়। প্রথমত মাযী বের হলে উযূ (ওযু/ওজু/অজু) ওয়াজিব হয়, গোসল নয়। আর মানী সম্পর্কে প্রশ্ন করা না হলেও তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার সম্পর্কে বলেছেন যে, মানী বের হলে গোসল ওয়াজিব। কারণ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) অনুধাবন করেছেন যে, মানুষ এ বিষয়ে মুখপেক্ষী হবে। আর বালাগাতের পরিভাষায় এটিকে أُسْلُوْبُ الْحَكِيْمِ বলা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন